

## চট্টগ্রামে শিক্ষা বিষয়ক মতবিনিময় সভা সেকুলার শিক্ষানীতির ওপর গুরুত্বারোপ

চট্টগ্রাম অঞ্চল : শিক্ষার বর্তমান হালচাল ও জাতীয় বাজেট শীর্ষক এক মতবিনিময় সভায় বক্তারা বাংলাদেশের মুঠু ভবিষ্যৎ নির্মাণকল্পে যুগোপযোগী, আধুনিক ও বিজ্ঞানমনক সেকুলার শিক্ষানীতি প্রকৃর্তনের ওপর গুরুত্বারোপ করেছেন। এ লক্ষে শিক্ষক, ছাত্র, পেশাজীবী দেশশ্রেমিক সচেতন মহলের ঐক্যবদ্ধ হওয়ার প্রয়োজন রয়েছে বলেও বক্তারা উল্লেখ করেন।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বেসরকারি সংস্থা দিশার উদ্যোগে সভাটি গত মঙ্গলবার জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তারা বলেন, রাষ্ট্রীয়ভাবে শিক্ষাকে পণ্যে পরিণত করা হয়েছে। দেশে ৪২টি আইডেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে মূলত মুনাফার দৃষ্টিকোণ থেকে। ইউনিসেফ, ইউএনডিপি ইত্যাদি

বিশ্বসংস্থা জাতীয় আয়ের ৭ ভাগ বা জাতীয় বাজেটের শতকরা ৩০ ভাগ অর্থ শিক্ষাখাতে বরাদ্দের পরামর্শ দিলেও কোনো সরকার তা করেনি এবং জাতীয় আয়ের ২.৫ ভাগের ওপরে বরাদ্দ করেনি।

বাকবিশিস চট্টগ্রাম জেলা কমিটির সভাপতি অধ্যাপক অক্ষয় বিজয় নন্দীর সভাপতিত্বে সভায় মূল বিষয়ের ওপর লিখিত বক্তব্য উপস্থাপন করেন অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর। অন্যদের মধ্যে বক্তব্য প্রদান করেন চবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক হেলালউদ্দিন নিজামী, অধ্যাপক হোসাইন কবির, দিশার পক্ষে তপন দত্ত, ব্যাকোর সিরাজুল ইসলাম, সাংবাদিক ওমর কায়সার, ছাত্র অগ্রদূত দত্ত, ছাত্রী সাদিয়া তাসনিম মৌরী, অতি নবী, প্রধান শিক্ষক সুজুমার শীল প্রমুখ।